## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
## বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

**আসন্ন ঈদুল আযহা ২০২২ উপলক্ষ্যে স্বল্প সময়ের মধ্যে কোরবানীর বর্জ্য অপসারণের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রাক প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ০৮/০৬/২০২২ খ্রি. |
| সময় | : | দুপুর ১২:৩০ ঘটিকা। |
| স্থান | : | গুলশান সেন্টার পয়েন্ট (প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, লেভেল-৮) সভাকক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য। |

১। সভার সভাপতি ও ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তাঁর বক্তব্যে সভায় উপস্থিত সকলকে আলোচ্য বিষয়ের উপর মনোযোগ আকর্ষণ করতে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয় বলেন কোরবানীর বর্জ্য অপসারণের জন্য নগরবাসীকে সচেতন করা একান্ত প্রয়োজন। নাগরিকদের সহযোগিতায় একযোগে কার্যক্রম পরিচালনা করলে অতিদ্রুত কোরবানীর বর্জ্য অপসারণ সম্ভব। কোরবানীর বর্জ্য অপসারণে বিভিন্ন অংশীজনের মধ্যে সমন্বয় সাধনের জন্য তিনি সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করেন।

২। সভাপতির অনুমতিক্রমে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা মহোদয় ঈদুল আযহা ২০২২ উপলক্ষ্যে ডিএনসিসির কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা কর্তৃক উত্থাপিত কর্মপরিকল্পনা নিম্নরূপঃ

| ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে ডিএনসিসির কর্ম পরিকল্পনা (ঈদ উল আযহা অনুষ্ঠান ০৯/০৭/২০২২-শনিবার) | | |
|---|---|---|
| | **কার্যক্রমসমুহ** | **দায়িত্ব প্রাপ্ত বিভাগ** |
| **৩০ দিন পূর্বের কার্যক্রম (০৯/০৬/২০২২)** | | |
| ১ | লিফলেট মুদ্রণ | নির্বাহী প্রকৌশলী (সংগ্রহ ও পরিবহন) |
| ২ | পশু জবেহ করার স্থান নির্ধারণ | স্বাস্থ্য বিভাগ |
| **১৫ দিন পূর্বের কার্যক্রম (২৪/০৭/২০২২)** | | |
| ৩ | ৫৪ টি ওয়ার্ডের জন্য ১০০০ জন মাংস ব্যবসায়ী নির্বাচন করে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা | স্বাস্থ্য বিভাগ |
| ৪ | লিফলেট বিতরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা |
| ৫ | অঞ্চল ভিত্তিক বর্জ্য পরিবহনের ব্যাগ, ব্লিচিং পাউডার এবং স্যাভলন বিতরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৬ | অঞ্চল ভিত্তিক সম্মানিত কাউন্সিলর, সহঃ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এবং পিডাব্লিউসিএসপি এর সাথে সমন্বয় সভা | উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৭ | জনসচেতনতামূলক র‍্যালি, টেলিভিশন, রেডিও, পত্রিকা এবং গাড়ীর সাহায্যে জনসচেতনতা বাড়ানোর জন্য ব্যাপক কার্যক্রম | জনসংযোগ কর্মকর্তা |
| ৮ | মসজিদে ইমামগণের মাধ্যমে খুতবায় আলোচনার জন্য পত্র প্রেরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা |
| **০৫ দিন পূর্বের কার্যক্রম (০৩/০৭/২০২২)** | | |
| ৯ | ওয়ার্ড ভিত্তিক বর্জ্য অপসারণ পরিকল্পনা চূড়ান্তকরণ | সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |

| ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে ডিএনসিসির কর্ম পরিকল্পনা (ঈদ উল আযহা অনুষ্ঠান ০৯/০৭/২০২২-শনিবার) | | |
|---|---|---|
| | **কার্যক্রমসমূহ** | **দায়িত্ব প্রাপ্ত বিভাগ** |
| ১০ | পরিবহন চালক ইউনিয়ন ও স্ক্যাভেঞ্জার্স এন্ড ওয়াকার্স ইউনিয়নের নেতৃবৃন্দের সাথে সভা | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ১১ | বাসা বাড়ি থেকে বর্জ্য সংগ্রহকারী পরিচ্ছন্নতা কর্মীদের প্রশিক্ষণ ও কর্মশালা | উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| **০৩ দিন পূর্বের কার্যক্রম (০৫/০৭/২০২২)** | | |
| ১২ | তদারকির জন্য মনিটরিং টিম গঠন ও কন্ট্রোল রুম স্থাপন | সচিব |
| ১৩ | ব্যাগ, ব্লিচিং পাউডার এবং স্যাভলন বিতরণ সমাপ্তি | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| **০১ দিন পূর্বের কার্যক্রম (০৮/৭/২০২২)** | | |
| ১৪ | প্রত্যেক অঞ্চলে অতিরিক্ত যানবাহন বরাদ্দকরণ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) |
| ১৫ | পশু জবেহ করার স্থান প্রস্তুতকরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও স্বাস্থ্য বিভাগ |
| ১৬ | ল্যান্ডফিল প্রস্তুত রাখা | নির্বাহী প্রকৌশলী (ডিসপোজাল) |
| **ঈদের দিনের কার্যক্রম (০৯/০৭/২০২২)** | | |
| ১৭ | বিকাল ২:০০ ঘটিকার সময় পশু বর্জ্য অপসারণের আনুষ্ঠানিক উদ্বোধন এবং প্রেস ও মিডিয়া কর্মীদের উপস্থিত রাখা | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও জনসংযোগ কর্মকর্তা |
| **কোরবানির পশু বর্জ্য অপসরণ সমাপ্তি (১০/০৭/২০২২ - ১২/০৭/২০২২)** | | |
| ১৮ | মাননীয় মেয়র কর্তৃক কোরবানি পশু বর্জ্য অপসারণের সমাপ্তি ঘোষণার প্রেস করনফারেন্স | জনসংযোগ কর্মকর্তা |
| **জনবল ও যন্ত্রপাতি** | | |
| | ২৮ টি ওয়ার্ডে ডিএনসিসি'র নিজস্ব : ২১১৭ জন<br>২৬ টি ওয়ার্ডে বেসরকারী বর্জ্য ব্যবস্থাপনায় : ২৯০০ জন<br>৩৬ টি ওয়ার্ডে পিডাব্লিউসিএসপির কর্মী : ৪৫০০ জন<br>স্পেশাল ক্লিনার (২-৪ + ৩-৫): ১৫০ জন<br>ওয়ার্ড ভিত্তিক বর্জ্য সংগ্রহ কাজে ভাড়ায় নিয়োজিত পিকআপের কর্মী: ১০৮*৩=৩২৪ জন | |
| | নিজস্ব যানযন্ত্রপাতি : ড্রাম্প ট্রাক/খোলা ট্রাক ১৫০টি, ভারী যানযন্ত্রপাতি ৪৭টি, পানির গাড়ি ১০ টি।<br>ওয়ার্ড ভিত্তিক বর্জ্য সংগ্রহ কাজে ভাড়ায় নিয়োজিত পিকআপ : ১ম দিন ১০৮টি এবং ২য় দিন ৫৪ টি।<br>মোট কর্মী : ৯৯০০ জন। | |

৩। সভার এই পর্যায়ে প্রধান নির্বাহী কর্মকর্তা ইমামদের পরিবর্তে মাংস ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদানের জন্য নির্দেশ প্রদান করেন। পশু জবাইয়ের স্থান এবং প্রশিক্ষণের জন্য মাংস ব্যবসায়ী চিহ্নিতকরন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট অঞ্চলের সম্মানিত কাউন্সিলর এবং মহিলা কাউন্সিলরগণের পরামর্শ গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন।

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় উল্লেখ করেন যে, সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। এজন্য প্রয়োজনের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ হতে চাহিদাকৃত মালামাল যথাযথভাবে সরবরাহের জন্য সভাপতি মহোদয় ভান্ডার ও ক্রয় বিভাগকে নির্দেশনা প্রদান করেন। প্রত্যেক আঞ্চলিক কার্যালয়ে একটি করে কন্ট্রোল রুম স্থাপনের জন্য সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন। গাবতলী ব্রিজের নিচে যেন অবৈধ পশুর চামড়ার হাট না বসে সে ব্যাপারে তিনি নির্দেশনা দেন। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় উল্লেখ করেন যে, পশুর হাট ইজারাদারদের দায়িত্ব পশু হাটের বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণ। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত এলাকায় স্থাপিত পশুর হাটের বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষের সাথে সমন্বয়ের নির্দেশ প্রদান করেন।

৫। সভার আলোচনা- পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে ডিএনসিসির নিম্নরূপ কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে ডিএনসিসির কর্ম পরিকল্পনা (ঈদ উল আযহা অনুষ্ঠান ০৯/০৭/২০২২-শনিবার) | | |
|---|---|---|
| | **কার্যক্রমসমুহ** | **দায়িত্ব প্রাপ্ত বিভাগ** |
| **৩০ দিন পূর্বের কার্যক্রম (০৯/০৬/২০২২)** | | |
| ১ | লিফলেট মুদ্রণ | নির্বাহী প্রকৌশলী (সংগ্রহ ও পরিবহন) |
| ২ | সম্মানিত কাউন্সিলরগনের সাথে সমন্বয়পূর্বক পশু জবেহ করার স্থান নির্ধারণ | স্বাস্থ্য বিভাগ |
| **১৫ দিন পূর্বের কার্যক্রম (২৪/০৭/২০২২)** | | |
| ৩ | ৫৪ টি ওয়ার্ডের মাংস ব্যবসায়ী নির্বাচন করে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা | স্বাস্থ্য বিভাগ |
| ৪ | লিফলেট বিতরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা |
| ৫ | অঞ্চল ভিত্তিক বর্জ্য পরিবহনের ব্যাগ, ব্লিচিং পাউডার এবং স্যাভলন বিতরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৬ | অঞ্চল ভিত্তিক সম্মানিত কাউন্সিলর, সহঃ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এবং পিডাব্লিউসিএসপি এর সাথে সমন্বয় সভা | উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৭ | জনসচেতনতামূলক র‍্যালি, টেলিভিশন, রেডিও, পত্রিকা এবং গাড়ীর সাহায্যে জনসচেতনতা বাড়ানোর জন্য ব্যাপক কার্যক্রম | জনসংযোগ কর্মকর্তা |
| ৮ | মসজিদে ইমামগণের মাধ্যমে খুতবায় আলোচনার জন্য পত্র প্রেরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা |
| **০৫ দিন পূর্বের কার্যক্রম (০৩/০৭/২০২২)** | | |
| ৯ | ওয়ার্ড ভিত্তিক বর্জ্য অপসারণ পরিকল্পনা চূড়ান্তকরণ | সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ১০ | পরিবহন চালক ইউনিয়ন ও স্ক্যাভেঞ্জার্স এন্ড ওয়াকার্স ইউনিয়নের নেতৃবৃন্দের সাথে সভা | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ১১ | বাসা বাড়ি থেকে বর্জ্য সংগ্রহকারী পরিচ্ছন্নতা কর্মীদের প্রশিক্ষণ ও কর্মশালা | উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| **০৩ দিন পূর্বের কার্যক্রম (০৫/০৭/২০২২)** | | |
| ১২ | তদারকির জন্য মনিটরিং টিম গঠন ও কন্ট্রোল রুম স্থাপন | সচিব |
| ১৩ | ব্যাগ, ব্লিচিং পাউডার এবং স্যাভলন বিতরণ সমাপ্তি | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| **০১ দিন পূর্বের কার্যক্রম (০৮/৭/২০২২)** | | |
| ১৪ | প্রত্যেক অঞ্চলে অতিরিক্ত যানবাহন বরাদ্দকরণ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী |

| ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে ডিএনসিসির কর্ম পরিকল্পনা<br>(ঈদ উল আযহা অনুষ্ঠান ০৯/০৭/২০২২-শনিবার) | | |
|---|---|---|
| | **কার্যক্রমসমুহ** | **দায়িত্ব প্রাপ্ত বিভাগ** |
| | | (যান্ত্রিক) |
| ১৫ | পশু জবেহ করার স্থান প্রস্তুতকরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও স্বাস্থ্য বিভাগ |
| ১৬ | ল্যান্ডফিল প্রস্তুত রাখা | নির্বাহী প্রকৌশলী (ডিসপোজাল) |
| **ঈদের দিনের কার্যক্রম (০৯/০৭/২০২২)** | | |
| ১৭ | বিকাল ২:০০ ঘটিকার সময় পশু বর্জ্য অপসারণের আনুষ্ঠানিক উদ্বোধন এবং প্রেস ও মিডিয়া কর্মীদের উপস্থিত রাখা | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও জনসংযোগ কর্মকর্তা |
| **কোরবানির পশু বর্জ্য অপসরণ সমাপ্তি (১০/০৭/২০২২ - ১২/০৭/২০২২)** | | |
| ১৮ | মাননীয় মেয়র কর্তৃক কোরবানি পশু বর্জ্য অপসারণের সমাপ্তি ঘোষণার প্রেস করনফারেন্স | জনসংযোগ কর্মকর্তা |
| **জনবল ও যন্ত্রপাতি** | | |
| | ২৮ টি ওয়ার্ডে ডিএনসিসি'র নিজস্ব : ২১১৭ জন<br>২৬ টি ওয়ার্ডে বেসরকারী বর্জ্য ব্যবস্থাপনায় : ২৯০০ জন<br>৩৬ টি ওয়ার্ডে পিডাব্লিউসিএসপির কর্মী : ৪৫০০ জন<br>স্পেশাল ক্লিনার (২-৪ + ৩-৫): ১৫০ জন<br>ওয়ার্ড ভিত্তিক বর্জ্য সংগ্রহ কাজে ভাড়ায় নিয়োজিত পিকআপের কর্মী: ১০৮*৩=৩২৪ জন | |
| | নিজস্ব যানযন্ত্রপাতি : ড্রাম্প ট্রাক/খোলা ট্রাক ১৫০টি, ভারী যানযন্ত্রপাতি ৪৭টি, পানির গাড়ি ১০ টি।<br>ওয়ার্ড ভিত্তিক বর্জ্য সংগ্রহ কাজে ভাড়ায় নিয়োজিত পিকআপ : ১ম দিন ১০৮টি এবং ২য় দিন ৫৪ টি।<br>মোট কর্মী : ৯৯০০ জন। | |

২। পশু জবাইয়ের স্থান এবং প্রশিক্ষণের জন্য মাংস ব্যবসায়ী চিহ্নিতকরনে সংশ্লিষ্ট কাউন্সিলগণকে সম্পৃক্ত করতে হবে। বাস্তবায়নকারী- স্বাস্থ্য বিভাগ;

৩। অবৈধ পশুর হাট যেন না বসে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী- সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ;

৪। কোরবানীর বর্জ্য অপসারণের জন্য বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক চাহিত মালামাল দ্রুত সরবরাহ করতে হবে। বাস্তবায়নকারী-ভান্ডার ও ক্রয় বিভাগ;

৫। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত এলাকায় স্থাপিত পশুর হাটের বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষের সাথে সমন্বয়সাধন-বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ;

৬। কোরবানির বর্জ্য দ্রুত অপসারণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ট্রাক, পে-লোডার, ডাম্পার, পানির গাড়ীসহ অন্যান্য যানযন্ত্রপাতি এবং সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাগণের ব্যবহারের জন্য জীপগাড়ি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী- পরিবহন বিভাগ ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক)

৬। সভাপতি দ্রুততম সময়ের মধ্যে কোরবানির বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণের জন্য সকলের একান্ত সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
০৮-০৬-২০২২
মোঃ সেলিম রেজা
(অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১০.০০০০.০৪৫. ৯৯.১১৫.২০২৯— ৮৬ তারিখঃ ০৮।০৬।২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল),........................................................................................... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক), প্রকৌশল বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সিস্টেম এনালিস্ট,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. নির্বাহী প্রকৌশলী, (ডিসপোজল/ সংগ্রহ ও পরিবহন),ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. উপ- প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (সকল)
১৪. অফিস কপি।

০৮।৬।২২

(কমডোর এস এম শরিফ-উল ইসলাম)
(এন),এনপিপি,পিসিজিএম,পিসিজিএমএস,
পিএসসি, বিএন
প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

আসন্ন ঈদুল আযহা'২০২২ উপলক্ষ্যে স্বল্প সময়ের মধ্যে কোরবানির বর্জ্য অপসারণ কার্যক্রমের প্রাক-প্রস্তুতিমূলক সভায় উপস্থিতি তালিকা নিম্নরূপঃ-

স্থানঃ নগর ভবন ৮ম তলা; তারিখ ঃ ০৮/০৬/২০২২খ্রিঃ; সময়ঃ বেলা ১২ঃ৩০ঘটিকা।

| ক্রম | নাম | পদবী ও কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | ব্রি: জে: মুহ: আমিরুল ইসলাম, পিএসসি | প্রধান প্রকৌশলী প্রকৌশল বিভাগ | ০১৭১৬৯৬০২৭২ | [signature] |
| ২। | মোহাম্মদ মামুন আহমেদ চৌধুরী | সচিব, DNCC | | [signature] |
| ৩। | [illegible] | [illegible] | 01971461440 | [signature] |
| ৪। | [illegible] | [illegible] | ০১৭২৫২৬১৫৫৯ | [signature] |
| ৫। | মো: [illegible] | [illegible] ১/৭ | 01724319964 | [signature] |
| ৬। | মো: জিয়াউর রহমান | [illegible]-২ | 01729654186 | [signature] |
| ৭। | রমেন্দ্র নাথ বিশ্বাস | CSPO, DNCC | ০১৭৫৭-৬২০৮৬৭ | [signature] |
| ৮। | অনিরুদ্ধ [illegible] চৌধুরী | ACWMO-4 | 01733895532 | [signature] |
| ৯। | মকবুল হোসাইন | PRO | 01876888142 | [signature] |
| ১০। | মোহাম্মদ আরিফুর রহমান | প্র: র: ক: ক: | 01713000099 | [signature] |
| ১১। | মো: সাইফুল ইসলাম | নি: প্র: (যান্ত্রিক) বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ | ০১৭১৫৬৬২৯৯১ | [signature] |
| ১২। | মো: [illegible] ভূঁইয়া | [illegible] | | [signature] |
| ১৩। | হাসিনা তাসমিন মৌটুসী | ACWMO (Planning) | 01686127685 | H. Tasmin |
| ১৪। | মো: তুহিনুল ইসলাম | সিস্টেম এনালিস্ট | 01765675584 | [signature] |
| ১৫। | মো: মহসিন | ACWMO 1 | 01717102025 | [signature] |
| ১৬। | MD IQBAL KARIM | ACWMO 2 | 01552305646 | [signature] |
| ১৭। | [illegible] দেব [illegible] | ACWMO-3 | 01711313289 | [signature] |
| ১৮। | ডা. হেমায়েত রহমান | [illegible], নগর ভবন | 0177753020 | [signature] |
| ২০। | মো: মহসীন রেজা | পরিবহন তত্ত্বাবধায়ক | 01771372779 | [signature] |
| ২১। | মুহাম্মদ ফরিদ উদ্দীন | হিসাব সহকারী | 01716017059 | [signature] |

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

আসন্ন ঈদুল আযহা'২০২২ উপলক্ষ্যে স্বল্প সময়ের মধ্যে কোরবানির বর্জ্য অপসারণ কার্যক্রমের প্রাক-প্রস্তুতিমূলক সভায় উপস্থিতি তালিকা নিম্নরূপঃ-

স্থানঃ নগর ভবন ৮ম তলা; তারিখ ঃ ০৮/০৬/২০২২খ্রিঃ; সময়ঃ বেলা ১২ঃ৩০ঘটিকা।

| ক্রম | নাম | পদবী ও কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| 1. | Dr. Abu [illegible] Rahman | CHO, DNCC | 01769/100680 | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | MD. ABED ALI | ANIK-4, DNCC | 01720833220 | |
| | Abdullah Al Baki. | ZEO-3, DNCC | 01781846899 | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |